দৈনিক বাংলা

তারিখ ...19/11/79...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 1 ...

# জনগণ বিপ্লবের পক্ষে রায় দিয়েছে :- জিয়া

ফরিদপুর, ১৪ই নবেম্বর (বাসস) ।—প্রেসিডেন্ট জিয়াউর রহমান আজ আবার সারাদেশে স্বেচ্ছাশ্রমে ব্যাপক হারে খাল কাটার জন্য জনগণের প্রতি আহ্বান জানান।

বৈশরশি, বটিকামারি, পাটগাতি ও ডিসামানিকে জনসভায় ভাষণদানকালে প্রেসিডেন্ট বলেন, বিপ্লব করার জন্য জনগণ গত দুই নির্বাচনে এ সরকারের অনুকূলে রায় দিয়েছে। এখন সাধারণ মানুষের ভাগোন্নয়নে এ বিপ্লবকে এগিয়ে নিয়ে যাবার জন্য তাদের কাজ করার সময় এসেছে। বিপ্লব সফল করার পথে খাল খননকে প্রথম পদক্ষেপ বলে অভিহিত করে তিনি বলেন, জাতির লক্ষ্য নির্ধারিত হয়ে

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## রায় দিয়েছে

(প্রথম পৃঃ পর)

গেছে। খাদ্যোৎপাদন দ্বিগুণ করার জন্য এখন খাল খনন করা ছাড়া গত্যন্তর নেই।

এসব জনসভাতেই জনগণ প্রেসিডেন্ট জিয়ার খাল খননের প্রতি স্বতঃস্ফূর্ত ও আন্তরিক সমর্থন জানিয়ে 'বিপ্লব' এবং খাল খননকে অভিনন্দিত করে শ্লোগান দেয়।

স্থানীয় সমস্যা প্রসঙ্গে প্রেসিডেন্ট বলেন, অতীতে অবহেলিত ফরিদপুর জেলার উন্নয়নে সরকার বিভিন্ন পরিকল্পনা হাতে নিয়েছেন। তিনি জনগণকে খাল কেটে জেলার মধ্য দিয়ে প্রবাহিত নদীর পানি কাজে লাগাতে বলেন।

প্রেসিডেন্ট বিকেলেই ঢাকায় ফিরে এসেছেন।